দৈনিক সংবাদ

তারিখ ... APR 30 2002
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্র ইউনিয়ন সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন কমিটি

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সুবর্ণ জয়ন্তী বছরব্যাপী পালন করার লক্ষ্যে জাতীয় কমিটি গঠন করা হয়েছে। ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি জয়নাল আবেদীন খানকে চেয়ারম্যান, সাবেক সভাপতি রাশেদ খান মেনন ও মুজাহিদুল ইসলাম সেলিমকে কো-চেয়ারম্যান এবং সংগঠনের বর্তমান সাধারণ সম্পাদক মো. নুর আলমকে সদস্য সচিব করে এ কমিটি ঘোষিত হয়েছে। জাতীয় কমিটিতে সাবেক সভাপতি, সাধারণ সম্পাদকদের নিয়ে কার্যকরী কমিটি ছাড়াও ১০০১ সদস্যের প্রস্তুতি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সংগঠনের প্রতিষ্ঠালগ্ন থেকে এ সময় পর্যন্ত যারা নানাভাবে সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন, নানাভাবে অবদান রেখেছেন এমনকি একদিনের জন্য, হলেও ছাত্র ইউনিয়নের সঙ্গে যুক্ত ছিলেন এবং এখনও সে দিনকে গৌরবান্বিত মনে করেন তাদের সকলকেই সুবর্ণ জয়ন্তীর উৎসবের সঙ্গে সম্পৃক্ত হওয়ার জন্য জাতীয় কমিটির পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে। একই সঙ্গে দ্রুত জাতীয় প্রস্তুতি কমিটির নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করে নিবন্ধিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে। নিবন্ধন ফি ১০০ টাকা।

জাতীয় প্রস্তুতি কমিটি অস্থায়ী কার্যালয়, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, ৩১/এফ তোপখানা রোড, মিতালী ভবন (৩য় তলা) ঢাকা-১০০০, ফোন : ০১৭২৩৯১৯২, ৯৫৫০৪৪২ এবং ২১/১ পুরানা পল্টন, মুক্তি ভবন, ঢাকা-১০০০, ফোন : ৯৫৫৮৬১২, ০১৭৬২০৬০৪, ৯৫৫৪৭০৩, ফ্যাক্স : ৯৫৫২৩৩৩।

জাতীয় কমিটির নেতৃবৃন্দ এক বিবৃতিতে বছরব্যাপী সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপনের কর্মসূচি সফল এবং সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।